

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২২২

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯

৩০ জুন ২০২২

বিষয়: মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৭৩২/২০২০-এর মামলাটি সরকার পক্ষে পরিচালনা সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.১২৩.২০২০-২৭৯/২
তারিখ-১৯.০৬.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জাহিদুল রহমান শেখ, খন্দকালীন প্রভাষক, খুলনা মডেল স্কুল এন্ড কলেজ, খুলনা গং- জাতীয়করণকৃত প্রতিষ্ঠানে সরকারি চাকুরীতে আত্মীকরণের দাবীতে মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৭৩২/২০২০ সরকারের বিপক্ষে দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে ১নং বিবাদী করা হয়। বর্ণিত রিট পিটিশনে সরকারের যথেষ্ট আর্থিক ও প্রশাসনিক স্বার্থ বিদ্যমান। যেহেতু, মামলা পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিজস্ব প্যানেল এ্যাডভোকেট নেই এবং মামলাটি জনগুরুত্বপূর্ণ মামলা বিধায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিজস্ব প্যানেল এ্যাডভোকেটের মাধ্যমে মামলাটি পরিচালনার জন্য অনুরোধ জানিয়েছেন।

বর্ণিতাবস্থায়, মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৭৩২/২০২০ এ সরকার পক্ষে মামলা পরিচালনা করার (মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

জনাব তৌফিক আনোয়ার চৌধুরী
, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিমকোর্ট, রুম নং-১০৩,
(এনেক্স এক্সটেনশন বিল্ডিং), সুপ্রিমকোর্ট বার
এসোসিয়েশন ভবন, শাহবাগ, ঢাকা-১০০০।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২২২/১(৪)

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯

৩০ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩০-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব